

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবির সঙ্গে তুরস্কের আঙ্কারা ইয়েলদেরেম বায়েজিদ বিশ্ববিদ্যালয়ের এমওইউ স্বাক্ষর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে তুরস্কের আঙ্কারা ইয়েলদেরেম বায়েজিদ (Ankara Yıldırım Beyazıt Üniversitesi) বিশ্ববিদ্যালয়ের সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। এ উপলক্ষে গত ১৮ এপ্রিল ২০২৫ আঙ্কারা ইয়েলদেরেম বায়েজিদ বিশ্ববিদ্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে নোবিপ্রবির পক্ষে এমওইউতে স্বাক্ষর করেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। অন্যদিকে আঙ্কারা ইয়েলদেরেম বায়েজিদ বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস রেক্টর অধ্যাপক ড. আব্দুল্লাহ ইয়েলদিস। অনুষ্ঠানে অন্যান্যের মাঝে ইয়েলদেরেম বায়েজিদ বিশ্ববিদ্যালয়ের দুইজন ভাইস রেক্টরসহ অন্যান্য শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। শেষে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল ওই বিশ্ববিদ্যালয়ের ল্যাব, ক্লাসরুম ও গবেষণা কার্যক্রম পরিদর্শন করেন।

উল্লেখ্য, স্বাক্ষরিত এ সমঝোতা স্মারক (MoU) এর আওতায় উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে স্টুডেন্ট ও ফ্যাকাল্টি একচেঞ্জ, আন্ডার গ্র্যাজুয়েট ও গ্র্যাজুয়েট শিক্ষার্থী একচেঞ্জ, এমএস ও পিএইচডি শিক্ষার্থী জয়েন্ট সুপারভিশন, এনার্জি টেকনোলজি ও ইঞ্জিনিয়ারিং একচেঞ্জ, একাডেমিক ও ইনফরমেশন ম্যাটেরিয়ালস একচেঞ্জ, যৌথ গবেষণা ও কনফারেন্স চালু এবং ভাষা কোর্স চালুর সুবিধাসমূহ রয়েছে।



ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪